যুগান্তর

তারিখ ...30.SEP..2015...
পৃষ্ঠা ...১... কলাম....৪......

মেডিকেলে ভর্তি কার্যক্রম শুরু

# পরীক্ষা বাতিলের দাবিতে বিক্ষোভ : পুলিশের বাধা

যুগান্তর রিপোর্ট



মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষা বাতিলের দাবিতে মঙ্গলবার কেন্দ্রীয় শহীদ মিনারে ছাত্রছাত্রীরা মিছিল বের করলে পুলিশ বাধা দেয় যুগান্তর

মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষার ফল বাতিল এবং পুনরায় পরীক্ষা নেয়ার দাবিতে মঙ্গলবারও রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে অবস্থান ও বিক্ষোভ করেন ভর্তিচ্ছু শিক্ষার্থীরা। এসব কর্মসূচি পালনকালে তারা অনেক স্থানে পুলিশি বাধার মুখে পড়েন। ঢাকাসহ দু'এক স্থানে পুলিশের সঙ্গে শিক্ষার্থীদের ধস্তাধস্তির ঘটনা ঘটেছে। এরই মধ্যে এদিন পূর্বনির্ধারিত সময় অনুযায়ী সরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজগুলোতে এমবিবিএস প্রোগ্রামে ভর্তি কার্যক্রম শুরু হয়েছে।

আন্দোলনকারী শিক্ষার্থীদের মুখপাত্র খালিদ সাইফুল্লাহ জানান, দাবি আদায়ের বাধা : পৃষ্ঠা ১৯ : কলাম ৪

• 'ভর্তি পরীক্ষায় প্রশ্ন ফাঁসের অভিযোগ ভিত্তিহীন' : পৃষ্ঠা ৩

## বাধা : পুলিশের

ওপর বলপ্রয়োগ করেছে। অবস্থান ছাড়তে না চাইলে তাদের ধাক্কা দিয়ে বের করার চেষ্টা করে। এ বিষয়ে রমনা জোনের এডিসি মোহাম্মদ ইব্রাহিম খান সাংবাদিকদের বলেন, অকৃতকার্য শিক্ষার্থীরা ঢাকা মেডিকেল কলেজে অবস্থানকালে চিকিৎসাপ্রার্থী এবং পরীক্ষায় উত্তীর্ণদের ভর্তি কার্যক্রম সুষ্ঠুভাবে চালানোর স্বার্থে তাদের বাধা দেয়া হয়েছিল। তবে কাউকে নির্যাতন বা আটক করা হয়নি।

একই দাবিতে শিক্ষার্থীদের আরেকটি অংশ দুপুর সাড়ে ১২টার দিকে কেন্দ্রীয় শহীদ মিনার থেকে মুখে কালো কাপড় বেঁধে মিছিল বের করে। মিছিলটি শাহবাগ মোড়ের দিকে যাওয়ার সময় পুলিশ বাধা দেয়। পরে শিক্ষার্থীরা পাবলিক লাইব্রেরির সামনের রাস্তায় অবস্থান নিয়ে বেলা দেড়টা পর্যন্ত সেখানে অবস্থান করে। তারা মিছিল নিয়ে টিএসসি-দোয়েল চত্বর হয়ে জাতীয় প্রেস ক্লাবের সামনে গিয়ে জড়ো হন। দুপুর আড়াইটার দিকে তারা প্রেস ক্লাব এলাকা ত্যাগ করেন। আজও সারা দেশে বিক্ষোভ কর্মসূচি পালন করা হবে। মঙ্গলবার কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেয়া হয়।

বরিশাল ব্যুরো জানায়, ভর্তি পরীক্ষা বাতিলের দাবিতে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ করেছেন শিক্ষার্থীরা। মঙ্গলবার সকাল ৮টা থেকে বেলা ১১টা পর্যন্ত এই কর্মসূচি চলে। এ সময় বিক্ষোভকারীরা অধ্যক্ষের কক্ষে তালা ঝুলিয়ে দেন। পরে অবশ্য কলেজের কর্মচারীরা তা ভেঙে ফেলে। সিলেট ব্যুরো জানায়, এমএজি ওসমানী মেডিকেল কলেজ ক্যাম্পাসে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা সকালে তালা ঝুলিয়ে দেয়। এতে ভর্তি হতে আসা শিক্ষার্থীরা প্রথমে বিড়ম্বনায় পড়েন। খবর পেয়ে কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. মুর্শেদ আহমদ চৌধুরী ঘটনাস্থলে গিয়ে বিক্ষোভরত শিক্ষার্থীদের সঙ্গে কথা বলেন। একপর্যায়ে পুলিশের সহযোগিতায় আন্দোলনরত শিক্ষার্থীদের সেখান থেকে উঠিয়ে দেয়া হয়। এরপর কলেজের স্বাভাবিক কার্যক্রম চলে। কলেজ কর্তৃপক্ষ জানায়, প্রথমদিন ২৩৭টি আসনের মধ্যে ৯০ জন ভর্তি হয়েছেন। এই কলেজে এমবিবিএসে ১৯৭ এবং ডেন্টালে ৪০টি আসন রয়েছে।

উল্লেখ্য, মঙ্গলবার শুরু হওয়া ২০১৫-১৬ শিক্ষাবর্ষের এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তি প্রক্রিয়া আগামী ১৭ অক্টোবর পর্যন্ত চলবে। এই সময়ের মধ্যে দেশের ২৯টি সরকারি মেডিকেল কলেজ এবং একটি সরকারি ডেন্টাল কলেজে মেধাক্রম অনুযায়ী সুযোগপ্রাপ্ত ৩ হাজার ৬৯৪ জন শিক্ষার্থীকে ভর্তি হতে হবে। এছাড়া অপেক্ষমাণ তালিকায় রয়েছে আরও ৬১৯ জন। আসন শূন্য হওয়া সাপেক্ষে মেধা ও পছন্দ অনুযায়ী তারা ভর্তির সুযোগ পাবেন বলে স্বাস্থ্য অধিদফতর সূত্রে জানা গেছে।